দৈনিক ইত্তেফাক

তারিখ: 16 AUG 2017 পৃষ্ঠা: ৫ কলাম: ৩

# আড়াইহাজারে ৩৮ শিক্ষকের পদ শূন্য, শিক্ষাদান ব্যাহত

## এমপিওভুক্ত বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান

■ **মাসুম বিল্লাহ, গোপালদী বাজার (নারায়ণগঞ্জ) সংবাদদাতা**

নারায়ণগঞ্জের আড়াইহাজারে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ে এমপিওভুক্ত বেসরকারি ৩৬ শিক্ষা প্রতিষ্ঠানে ৩৮ শিক্ষকের পদ শূন্য রয়েছে। পদগুলো দীর্ঘদিন যাবৎ শূন্য থাকায় লেখাপড়া চরমভাবে ব্যাহত হচ্ছে।

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস সূত্রে জানা যায়, কলেজ পর্যায়ে অধ্যক্ষ ও উপাধ্যক্ষ ও কর্মচারী নিয়োগ দেন গভর্নিং বডি। স্কুল পর্যায়ে প্রধান শিক্ষক ও সহকারী প্রধান শিক্ষক নিয়োগ দেন ম্যানেজিং কমিটি।

বর্তমানে শিক্ষা মন্ত্রণালয়ের নীতিমালায় কলেজ পর্যায়ে প্রভাষক ও স্কুল পর্যায়ে সহকারী শিক্ষক নিয়োগ দিবে শিক্ষক নিবন্ধন কর্তৃপক্ষ। যে সকল পদে শিক্ষক নিবন্ধন কর্তৃপক্ষ নিয়োগ দিবেন সেই সকল বিষয়ের ৩৮টি পদ আড়াইহাজার উপজেলায় শূন্য রয়েছে।

জানা গেছে, এ এম বদরুজ্জামান উচ্চ বিদ্যালয়ে গণিত, সাধারণ বিজ্ঞান ও ইসলাম ধর্ম বিষয়ের শিক্ষক নেই। রোকন উদ্দিন পাইলট উচ্চ বালিকা বিদ্যালয়ে শরীর চর্চা বিষয়ের শিক্ষক নেই। সদাসদী বহুমুখী উচ্চ বিদ্যালয়ে শরীর চর্চা, সাধারণ বিজ্ঞান ও গণিত বিষয়ের শিক্ষক নেই। আড়াইহাজার পাইলট উচ্চ বিদ্যালয়ে ব্যবসায় শিক্ষা, গণিত এবং বিজ্ঞান বিষয়ের শিক্ষকের পদ শূন্য।

সুলতানসাদী উচ্চ বিদ্যালয়ে বিজ্ঞানের শিক্ষক নেই। কলাগাছিয়া উচ্চ বিদ্যালয়ে ইসলাম ধর্ম, শরীর চর্চা ও কম্পিউটার বিষয়ের শিক্ষক নেই। আতাদী উচ্চ বিদ্যালয়ে গণিত ও কম্পিউটার বিষয়ের শিক্ষকের পদ শূন্য। পাঁচগাও বহুমুখী উচ্চ বিদ্যালয়ে গণিত ও বিজ্ঞান বিষয়ের শিক্ষক নেই। জাঙ্গালিয়া উচ্চ বিদ্যালয়ে কম্পিউটার বিষয়ের শিক্ষক নেই। কবি নজরুল উচ্চ বিদ্যালয়ে ইংরেজী, শরীর চর্চা ও বিজ্ঞান বিষয়ের শিক্ষকের পদ শূন্য। বান্টি আদর্শ উচ্চ বিদ্যালয়ে হিন্দু ধর্ম বিষয়ের শিক্ষক নেই।

কলেজ পর্যায়ে রোকনউদ্দিন মোল্লা গার্লস ডিগ্রী কলেজে ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, ব্যবস্থাপনা ও প্রদর্শক (বিজ্ঞান) বিষয়ের শিক্ষকের পদ শূন্য। হাজী বেলায়েত হোসেন ডিগ্রী কলেজে হিসাব বিজ্ঞান ও শরীর চর্চা বিষয়ের শিক্ষক নেই। পাঁচরুখী বেগম আনোয়ারা ডিগ্রী কলেজে বাংলা, অর্থনীতি ও দর্শন বিষয়ের উপর শিক্ষক নেই। বালিয়াপাড়া স্কুল এন্ড কলেজে ইংরেজী বিষয়ের প্রভাষকের পদ শূন্য রয়েছে। এ ছাড়া মাদ্রাসা পর্যায়ে গোপালদী ফাজিল মাদ্রাসায় উপাধ্যক্ষ, প্রভাষক আরবী ২টি, সহকারী শিক্ষক—শরীর চর্চা, ইবতেদায়ী (ক্বারী) এ পদগুলো শূন্য। পূর্বকান্দী আদর্শ দাখিল মাদরাসায় সহকারী শিক্ষক শরীর চর্চা, ইবতেদায়ী (ক্বারী) এ দুটি পদ শূন্য রয়েছে। অপরদিকে এমপিও বিহীন স্কুল ও মাদ্রাসার ২১টি পদ শূন্য রয়েছে। এমপিও না হলেও শিক্ষক নিয়োগ দিতে হবে শিক্ষা মন্ত্রণালয়ের নীতিমালা অনুযায়ী।

এ ব্যাপারে উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা আবু তালেব জানান, শূন্য পদের তালিকা আমরা প্রেরণ করেছি। নিয়োগ দিবেন শিক্ষক নিবন্ধন কর্তৃপক্ষ। আশা করি, শিগগিরই শিক্ষক পাব।